

প্রথম আলো

রোববার, ২১ জানুয়ারি ২০১৮, ৮ মাঘ ১৪২৪



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবর্তনে এক শিক্ষার্থীকে পদক পরিণয়ে দিচ্ছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ● সংগৃহীত

শিক্ষার্থীদের জ্ঞান বিজ্ঞানে শিক্ষিত হতে হবে

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সমকালীন বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে নিজেদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষার্থীদের আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষায় শিক্ষিত হতে হবে। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেছেন।

শিক্ষামন্ত্রী জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আরও কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান। গতকাল রাজধানীর মাদানি অ্যাভিনিউতে বিশ্ববিদ্যালয়টির নিজস্ব ক্যাম্পাসে ওই সমাবর্তন অনুষ্ঠিত হয়। সেখানে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রেক্টরপতি মো. আবদুল হামিদের পক্ষে তাঁর প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

সমাবর্তন অনুষ্ঠানে ৯৬২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ৪ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়। সমাবর্তন অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান আবদুল মান্নান এবং

সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব আহমদ কায়কাউস। এ ছাড়া ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ বক্তব্য দেন।

সমাবর্তন বক্তা হিসেবে আহমদ কায়কাউস শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, এই অর্জিত জ্ঞান শুধু সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ ও জাতির সেবায় নিয়োগ করতে হবে। বিজ্ঞপ্তি